আলমডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর বাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার ১

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ায় স্বতন্ত্র ঈগল প্রতীকের প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার এক কর্মীর বাড়িতে হামলার ঘটনায় রতন আলী
(৩২) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সোমবার সকাল ১১ টার দিকে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত রতন আলী উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের হাটুভাঙা গ্রামের বাবলুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ঈগল প্রতীকের পক্ষে কাজ করেন আমীর আলী তার ছেলে লিটন আলী। গত রবিবার রাতে আওয়ামীলীগের নৌকা প্রতিক প্রার্থীর কর্মীরা ১৫-২০ মোটরসাইকেল শো-ডাউন নিয়ে মিছিল করেন। ওই মিছিলে থাকা লোকজন লিটনের বাড়িতে অতর্কিত ভাবে হামলা চালায়। এতে বাড়ির বিভিন্ন জায়গায় হামলা চালালেও বাড়িতে থাকা আলমসাধু গাড়ি ভেঙে ক্ষয়ক্ষতি করেন। ওই ঘটনায় এলাকাজুড়ে থমথমে বিরাজ করে। রবিবার রাতেই লিটন আলী বাদি হয়ে জিনারুল বিশ্বাসসহ ১৬ জনের নাম উল্লেখ করে ৮০-৯০ জনের বিরুদ্ধে মামলা করেন। ওই মামলায় গতকাল সোমবার সকাল ১১ টার রতন আলী নামে নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া জানান, লিটন আলী নামের এক যুবক বাদি হয়ে ১৬ জনের নাম উল্লেখ করে মামলা করেছে। এজাহারীয় আসামী রতন আলী নামের নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে চুয়াডাঙ্গা আদালতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর প্রচার কাজে নিয়োজিত ইজিবাইক চালককে ধারালা অস্ত্রাঘাতে জখম

চুয়াডাঙ্গা শহরের একাডেমী বিদ্যালয়ের মোড়ে স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালার ঈগল প্রতীকের প্রচার কাজে নিয়োজিত ইজিবাইক চালক রুবেল হোসনকে (৩০) ধারালো অস্ত্রাঘাতে জখম করা হয়েছে। আহত রুবলকে রক্তাক্ত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। গতকাল বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) বেলা পৌনে ৩টার দিকে এ ঘটনাটি ঘটে।

চুয়াডাঙ্গা পৌর এলাকার বাগানপাড়ার মিনারুল ইসলামের ছেলে ইজিবাইক চালক আহত রুবেল চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালার নির্বাচন প্রচার কাজ নিয়জিত রয়েছে।

আহত রুবলের মামা আসাবুল হক বলেন, এদিন সকালে ঈগল প্রতীকের প্রচার কাজে ব্যবহৃত মেমোরী কার্ড

নিয়ে ওই এলাকার মফিজুরের সঙ্গে রুবলের বাকবিতন্ডা হয়। এরই মধ্যে মফিজুরের ভাগ্নে শাহাদাৎকে বিষয়টি জানায়। তারপর দুপুরে প্রচার চালাতে মাইক নিয়ে একাডেমী বিদ্যালয়ের মোড় গেলে শাহাদাৎ ধারালো অস্ত্র দিয়ে তাকে কুপিয়ে জখম করে। এরপর স্থানীয়দের সহযোগীতায় তাকে উদ্ধার করে সেখান থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এসে ভর্তি করা হয়।

সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক সোহরাব হোসন বলেন, আহত রুবলের শরীলের পিঠে ধারালো অস্ত্রাঘাতের জখম হয়েছে। সেই ক্ষতস্থানে সেলাই দিয়ে প্রাথমিক চিকিৎসা শেষে তাকে ভর্তি রাখা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকন্দার আলী বলেন, এটা নির্বাচন কেদ্রীক কোন ঘটনা নয়। দুজনই ইজিবাইক চালক। একটি মেমোরী কার্ড দেওয়া নেওয়াকে কেদ্র করেই আঘাতের ঘটনাটি ঘটেছে। তবে বিচার প্রার্থীর কাছ থেকে গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৮টা

পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পাওয়া গেলে সেটার ওপর ভিত্তি করে প্রয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।